

সিলেটে ঈদগাহ মাঠে নারী প্রবেশে নিষেধাজ্ঞা আইন ও সালিশ কেন্দ্র (আসক) এর নিন্দা ও প্রতিবাদ

সিলেটের ঐতিহ্যবাহী শাহী ঈদগাহ মাঠে সম্প্রতি কর্তৃপক্ষের বরাত দিয়ে নারীদের প্রবেশে নিষেধাজ্ঞা জারি করে নোটিশ ফলক টানানো হয়। নোটিশ ফলকে উল্লেখ করা হয়েছে, 'ঈদগাহ মাঠের পবিত্রতা রক্ষায় নারীদের প্রবেশ নিষেধ'। আইন ও সালিশ কেন্দ্র (আসক) এ ঘটনায় তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছে।

গণমাধ্যম সূত্র মতে, গত ২০ এপ্রিল ২০১৮ সাম্প্রতিক সময়ে সংস্কার করা সিলেটের ঐতিহ্যবাহী শাহী ঈদগাহ মাঠে পরিবার-পরিজন নিয়ে হাটতে গেলে নারীদের প্রবেশে নিষেধাজ্ঞার নোটিশ ফলক দেখে আশাহত হয়ে ফিরে আসেন অনেক স্থানীয় বাসিন্দারা। এ ঘটনায় তারা বিস্ময় প্রকাশ করেছেন। জানা যায়, ইদুল ফিতর এবং ইদুল আজহার নামাজ ছাড়া বাকি সময় এ ঈদগাহটি বিশেষ ব্যবহৃত হয় না। কিছুদিন আগে মাদকাসক্ত ও ছিনতাইকারীদের উপদ্রুপের মুখে ঈদগাহ মাঠটির সংস্কার কাজ করা হয়। এমনকি, ঈদগাহ মাঠটির ভেতরে চলাচলের এবং বসার ব্যবস্থাও করা হয়। নারী-পুরুষ ভেদে অনেক স্থানীয় বাসিন্দারা এটি ব্যবহার করে আসছিলেন। কিন্তু গত শুক্রবার সেখানে গেলে কর্তৃপক্ষের বরাত দিয়ে নারীদের প্রবেশে নিষেধাজ্ঞা সংক্রান্ত কয়েকটি নোটিশ ফলক দেখতে পান তারা।

এ ধরনের ঘটনা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ২৭ ও ২৮ অনুচ্ছেদে উল্লেখিত “আইনের দৃষ্টিতে সমতা” এবং “ধর্ম, প্রভৃতি কারণে বৈষম্য” মৌলিক অধিকার পরিপন্থী। এছাড়া, এ ধরনের ঘোষণা রাষ্ট্রীয় নীতিমালা, জাতীয় নারী উন্নয়ন নীতিসহ বিভিন্ন আন্তর্জাতিক আইনের সাথে সাংঘর্ষিক। আইন ও সালিশ কেন্দ্র (আসক) মনে করে, তদন্ত সাপেক্ষে এ ঘটনার সাথে জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা না নিলে তা ধর্মান্ধতা ও উগ্রবাদকে উসকে দেবে। পাশাপাশি, এর ফলে নারীদের মধ্যে ভীতি ও নিরাপত্তাহীনতা তৈরি হবে এবং যা নারীদের জন্য অসম্মানজনক। আসক এ ঘটনা গুরুত্ব সহকারে খতিয়ে দেখে দ্রুততার সাথে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য রাষ্ট্র ও যথাযথ কর্তৃপক্ষের কাছে দাবি জানাচ্ছে।